

ঢাকা ওয়াসা

বিষয়ঃ- ঢাকা ওয়াসায় নবনিযুক্ত ৩২ জন স্কাডা (SCADA) অপারেশন ইঞ্জিনিয়ার এর জন্য “Pump Operation using SCADA” শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।


ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) মহোদয়ের মৌখিক নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হল। বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি ঢাকা ওয়াসায় ৩২ জন স্কাডা (SCADA) অপারেশন ইঞ্জিনিয়ার নিয়োগ প্রদান করা হয়েছে। নবনিযুক্ত ৩২ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারগণকে ইতোমধ্যে ওরিয়েন্টেশন কোর্সের মাধ্যমে ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম সম্পর্কে পরিচিত করানো হয়েছে। বর্তমানে স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারগণকে ঢাকা ওয়াসার বিভিন্ন মডস্ জোনে পদায়ন করা হয়েছে। মডস্ জোনগুলোর SCADA pump সমূহ দক্ষতার সাথে ও সুচারুভাবে পরিচালনা এবং প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের জন্য স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারদের জন্য “Pump Operation using SCADA” শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা আবশ্যিক। উক্ত প্রশিক্ষণের মাধ্যমে যাতে নবনিযুক্ত স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারগণ SCADA ‘র মাধ্যমে পাম্প পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ সম্পর্কে সম্যক স্পষ্ট ধারণা লাভ করতে পারেন সে নিরীখে সংক্ষিপ্ত কোর্স প্রোগ্রাম (সংযুক্ত) প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ আগামী ০৬ জুন ২০২৪, রোজ বৃহস্পতিবারে সকাল ০৯.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত সময়ে অর্ধদিবসব্যাপী ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণে বক্তৃতা প্রদানের জন্য জনাব মোঃ জাহিদ হোসেন, সহকারী সিস্টেম এনালিস্ট, সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট কে আমন্ত্রণ জানানো হবে। অর্ধদিবসব্যাপী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নবনিযুক্ত ৩২ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারকে মনোনয়ন দেয়া যেতে পারে।


নবনিযুক্ত ৩২ (বত্রিশ) জনের জন্য অর্ধদিবসব্যাপী প্রশিক্ষণটি সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ


(ক) বক্তার সম্মানী	২,৪০০/-	২ সেশন ১,২০০/- টাকা হারে
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৯,৬০০/-	৩২ জন ৩০০/- টাকা হারে
(গ) দুপুরের খাবার ও চা নাস্তা ২ বার	২০,৯০০/-	৩২ জন প্রশিক্ষণার্থী, বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩৮ জন ৫৫০/- টাকা হারে
(ঘ) পানি	১,০৮০/-	আধা লিটার ৮ কেস ১৩৫/- টাকা হারে
(ঙ) ব্যাগ, নোটবুক ও কলম	১২,১৬০/-	৩২ সেট ৩৮০/- টাকা হারে
(চ) কোর্স ম্যাটারিয়াল ফটোকপি ও বিবিধ	৪,০০০/-	আনুমানিক লাম্পসাম
সর্বমোট	=৫০,১৪০/-	কথায়ঃ টাকা পঞ্চাশ হাজার একশত চল্লিশ মাত্র


এমতাবস্থায়, ৩২ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ার এর মনোনয়ন, প্রশিক্ষণসূচী, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৫০,১৪০/- (টাকা পঞ্চাশ হাজার একশত চল্লিশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।


21.05.24
মোঃ ওয়াজ্জ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারিকুলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।


২৭/৫/২০২৪
এ. এম. মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।


এম. কে. এম. সহিদ উদ্দিন


২১/৫/২০২৪
কোঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।

C.T.O.,